ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৬৫

সোনামুড়া, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

**বক্সনগরে এম.এল.এ. কাপ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী**

## সুস্থ দেহ ও সুস্থ মানসিকতার বিকাশে খেলাধুলা সহায়ক ভূমিকা পালন করে থাকে

সুস্থ দেহ ও সুস্থ মানসিকতার বিকাশে খেলাধুলা সহায়ক ভূমিকা পালন করে থাকে। নিজেদের বিকশিত করার পাশাপাশি সমাজ তথা দেশের স্বার্থে যুব সমাজের খেলাধুলার সঙ্গে বেশি করে জড়িয়ে থাকা উচিত। আজ বক্সনগর মিনি স্টেডিয়ামে এম.এল.এ. কাপ ফুটবল প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকার খেলাধুলার মানোন্নয়নের দিকে বিশেষভাবে নজর দিয়েছে। রাজ্যের বর্তমান সরকার খেলাধুলার পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। এই উদ্যোগের অঙ্গ হিসেবে ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে আটটি সিন্থেটিক ফুটবল গ্রাউন্ড এবং বিভিন্ন জায়গায় সিন্থেটিক হকি গ্রাউন্ড গড়ে তোলা হয়েছে। রাজ্যের সাঁতারুদের জন্য উন্নতমানের সুইমিং পুলের ব্যবস্থা করা হয়েছে। নেশামুক্ত সমাজ গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করে মুখ্যমন্ত্রী বলেন, যুব সমাজ যত বেশি খেলাধুলার সঙ্গে যুক্ত থাকবে নেশার বিরুদ্ধে লড়াইও তত তীব্র হবে। নেশার বিরুদ্ধে আন্দোলনে অগ্রণী ভূমিকা নেওয়ার জন্য যুব সমাজের প্রতি আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়েছে। তবে রাজ্য সরকারের এই উদ্যোগে সমাজের সব অংশের মানুষকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক তফাজ্জল হোসেন। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপ্না নম:, সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বিজয় দেববর্মা, বক্সনগর ব্লকের বিডিও সঞ্জীব কুমার পাল প্রমুখ উপস্থিত ছিলেন। আজ থেকে শুরু হওয়া এই ফুটবল প্রতিযোগিতায় রাজ্য ও বহির্রাজ্যের ১৬টি দল অংশ নিয়েছে।

*****